

যুগান্তর

প্রিন্ট: ১৩ জুলাই ২০২৫, ১০:৩৭ এএম

রাজধানী

সোহাগ হত্যার বিচার দাবিতে ঢাকায় শিক্ষার্থীদের বিক্ষোভ



যুগান্তর ডেক্স

প্রকাশ: ১২ জুলাই ২০২৫, ০৮:৫৯ পিএম



mastercard.

Unparalleled security
for the world's elite

First in the world from Eastern Bank
Biometric Metal World Elite Credit Card from Mastercard

The card is offered by invitation only

visa mastercard american express

ৰ্যাক বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে বিক্ষেপে অর্ধশতাধিক শিক্ষার্থী অংশ নেন। ‘ৰ্যাক বিশ্ববিদ্যালয়ের সচেতন শিক্ষার্থী সমাজ’ ব্যানারে এ বিক্ষেপে হয়। বিক্ষেপে চলাকালে ৰ্যাক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ‘কঢ়ে আবার লাগা জোর, চাঁদাবাজের কবর খোঁড়, ‘চাঁদাবাজ চাঁদা তোলে, ইন্টেরিম কি করে?’’, ‘চবিশের হাতিয়ার গর্জে উঠুক আরেকবার’, ‘কে দিলোরে জানোয়ার মানুষ মারার অধিকার’ বলে স্লোগান দেন।

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের (এনএসইউ) শিক্ষার্থীরাও দুপুর ১২টার দিকে বিক্ষেপে করেছেন। ইডেন কলেজ, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরাও বিক্ষেপে করেন।

এরআগে শুক্ৰবাৰ রাতে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম, রংপুরসহ দেশের বিভিন্ন স্থানে বিক্ষেপে করেছেন বিকুন্ঠ ছাত্র-জনতা। এসব বিক্ষেপে হত্যায় জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করা হয়েছে।

ঢাবি প্রতিনিধি জানান, ব্যবসায়ী সোহাগ হত্যা ও দেশব্যাপী বিএনপির অব্যাহত চাঁদাবাজি এবং সন্ত্রাসী কার্যক্রমের প্রতিবাদে বিক্ষেপে মিছিল করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। শুক্ৰবাৰ সন্ধ্যা সাড়ে ৭টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলপাড়ায় এ বিক্ষেপে মিছিল বেৱ হয়। ঢাবি শিক্ষার্থী এবি জুবায়ের বলেন, ‘৫ আগস্টের পৱ থেকে আমৱা দেশকে গোছানোৱ চেষ্টা কৰেছি। এ পথে একমাত্ৰ বাধা হয়েছে একটিমাত্ৰ দল। সোহাগকে হত্যা গত পৱশুদিন (বুধবাৰ) কৱা হয়েছে। আজ (শুক্ৰবাৰ) ভিডিও সামনে এসেছে। একজন ব্যবসায়ী চাঁদা দেয়নি বলে যুবদল পাথৰ মেৰে নৃশংসভাবে হত্যা কৰেছে। আমৱা কি নতুন কৱে আবার প্ৰস্তৱযুগে ফিৱে গেলাম?’ তাৱেক রহমানকে উদ্দেশ কৱে তিনি বলেন, ‘আপনাৰ দলকে আপনি সামলান। আওয়ামী লীগেৱ পথ অনুসৱণ কৱবেন না। যদি কৱেন, তাহলে আওয়ামী লীগেৱ মতে পৱিণতি হবে।’

জবি প্রতিনিধি জানান, সোহাগ হত্যা ও সারা দেশে অব্যাহত চাঁদাবাজি, সন্ত্রাসবাদের বিরুদ্ধে বিক্ষোভ মিছিল করেছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জবি) শিক্ষার্থীরা। শুক্রবার রাত সাড়ে ৯টায় ‘সন্ত্রাসবিরোধী ঐক্য’ ব্যানারে মিছিলটি অনুষ্ঠিত হয়।

জবি প্রতিনিধি জানান, ব্যবসায়ী সোহাগ হত্যা ও দেশব্যাপী অব্যাহত বিএনপির চাঁদাবাজি এবং সন্ত্রাসী কর্যক্রমের প্রতিবাদে বিক্ষোভ মিছিল করেছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) শিক্ষার্থীরা। শুক্রবার রাত ৯টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনারের সামনে থেকে এ বিক্ষোভ মিছিল শুরু হয়। মিছিলটি রায়সাহেব বাজার ও তাঁতীবাজার অতিক্রম করে মিটফোর্ড হাসপাতালের সামনে পৌঁছায়।

সোহাগ হত্যার ঘটনার প্রতিবাদে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ মিছিল করেছেন শিক্ষার্থীরা।

শুক্রবার রাতে বিশ্ববিদ্যালয়ের বিদ্রোহী হলের নিচ থেকে এ কর্মসূচি পালন করা হয়। পরে সেখান থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে একইস্থানে এসে সংক্ষিপ্ত সমাবেশে শেষ হয়।

এ সময় বিক্ষোভকারীরা ‘আমার ভাই কবরে খুনি কেনো বাহিরে’, ‘সন্ত্রাসীরা উল্লাস করে ইন্টেরিম কী করে’, ‘জ্বালোরে জ্বালো আগুন জ্বালো’, ‘অ্যাকশন টু অ্যাকশন, ডাইরেক্ট অ্যাকশন’, ‘চাঁদাবাজের বিরুদ্ধে ডাইরেক্ট অ্যাকশন’, ‘চাঁদাবাজের আস্তানা ভেঙ্গে দাও, গুড়িয়ে দাও’ সহ বিভিন্ন স্লোগান দেন।

সোহাগকে নির্মভাবে হত্যার প্রতিবাদ এবং সারা দেশে অব্যাহত খুন, চাঁদাবাজি, সন্ত্রাসবাদের বিরুদ্ধে বিক্ষোভ মিছিল করেছে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রিবি) শিক্ষার্থীরা। এসময় তারা হত্যাকারী যুবদল নেতাদের সর্বোচ্চ বিচার নিশ্চিতের দাবি জানায়।

। এমেগাড়ো | শাহজেল খোকা দেশ ।

তাকায় ব্যবসায়ীকে নৃশংসভাবে হত্যার প্রতিবাদ এবং দেশব্যাপী অব্যাহত চাঁদাবাজি ও সন্ত্রাসী কার্যক্রমের বিরুদ্ধে বিক্ষোভ মিছিল করেছে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) শিক্ষার্থীরা । শুক্রবার রাত সাড়ে ৯টায় বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে এ বিক্ষোভ মিছিল করা হয় ।

সোহাগ হত্যার প্রতিবাদে মধ্যেরাতে বিক্ষোভ মিছিল করেছে মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা । শুক্রবার রাত ১১টায় বিশ্ববিদ্যালয়ের জননেতা আব্দুল মান্নান হলের সামনে থেকে শুরু করে বিশ্ববিদ্যালয় সংলগ্ন বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে প্রধান ফটক হয়ে আবার মান্নান হলের সামনে সংক্ষিপ্ত সমাবেশের মাধ্যমে বিক্ষোভ মিছিলটি শেষ হয় ।

মিটফোর্ড ব্যবসায়ীকে পাথর দিয়ে নৃশংসভাবে হত্যার ঘটনার প্রতিবাদে বিক্ষোভ মিছিল করেছেন বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (বেরোবি) শাখা ছাত্রদল । শুক্রবার রাত সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক এই বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয় ।

ব্যবসায়ী সোহাগ হত্যার প্রতিবাদে বিক্ষোভ মিছিল করেছে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা । এ সময় তারা বিশ্ববিদ্যালয়ের হল থেকে শুরু করে পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে গ্রাউন্ড ফ্লোরে গিয়ে অবস্থান নেয় এবং ঢাকা-কুয়াকাটা মহাসড়ক ১০ মিনিটের জন্য অবরোধ করে স্নোগান দেয় । শুক্রবার রাত ১০টায় বিশ্ববিদ্যালয়ের শেরে বাংলা হল থেকে বিক্ষোভ মিছিল শুরু হয় ।

গত বুধবার রাজধানীর মিটফোর্ড হাসপাতালের সামনে নৃশংসভাবে হত্যা করা হয় ভাঙারি পণ্যের ব্যবসায়ী সোহাগকে (৩৯) । হত্যার আগে ডেকে নিয়ে তাকে পিটিয়ে এবং ইট-পাথরের টুকরা দিয়ে আঘাত করে মাথা ও শরীরের বিভিন্ন অংশ থেঁতলে দেওয়া হয় । একপর্যায়ে তাকে বিবন্দ করা হয় । তার শরীরের ওপর উঠে লাফায় কেউ কেউ ।

ଶବ୍ଦାବ୍ୟ ଏ ବ୍ୟାଖ୍ୟାନ ପୁରୁ ଆଶାନଷେହେ ବାକ୍ଷାମେନ ଏବା ତାଣରେତେ ତାତାକାଳିତାବାଦୀ ପୁଷ୍ପଳା । ୨୩୧
ମାମଲାର ଆରଓ ଦୁଇ ଆସାମିକେ ନିଜେଦେର ସଂଗଠନ ଥେକେ ବହିକାର କରେଛେ ଛାତ୍ରଦଳ ଓ
ସ୍ଵେଚ୍ଛାସେବକ ଦଳ ।

